

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/12/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

জাতির সাথে সংশ্লিষ্ট চুলের কায়দা বা বৈশিষ্ট্যের বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধকারী নাগরিক অধিকার আইন স্পষ্ট করতে গভর্নর কুওমো S6209A/A7797A এ স্বাক্ষর করেছেন

গভর্নর কুওমো: "আমাদের দেশের ইতিহাস দেখলে পরিষ্কার বোঝা যায়, কৃষ্ণাংরা - বিশেষ করে নারিরা - অবহেলিত হয়েছে এবং বৈষম্যের শিকার হয়েছে শুধুমাত্র তাদের চুলের কায়দা এবং গঠনবিন্যাসের জন্য। এই বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করে, আমরা সেই ইতিহাস সংশোধনের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি এবং কৃষ্ণাঙ্গ মানুষদের সব ধরনের বৈষম্য থেকে রক্ষা করা নিশ্চয়তা দিচ্ছি।"

জাতির উপর ভিত্তি করে বৈষম্য, জাতির সাথে সংশ্লিষ্ট চুলের কায়দা বা বৈশিষ্ট্যকে অন্তর্ভুক্ত করবে, সেটি পরিষ্কার করার জন্য, গভর্নর কুওমো আজ S.6209A/A.7797A কে স্বাক্ষর করে আইনে পরিণত করেছেন, যেটি মানবাধিকার আইন (Human Rights Law) এবং সমস্ত শিক্ষার্থীদের জন্য মর্যাদা আইনকে (Dignity for All Students Act) সংশোধন করবে।

"আমাদের দেশের ইতিহাস দেখলে পরিষ্কার বোঝা যায়, কৃষ্ণাংরা - বিশেষ করে নারিরা - অবহেলিত হয়েছে এবং বৈষম্যের শিকার হয়েছে শুধুমাত্র তাদের চুলের কায়দা এবং গঠনবিন্যাসের জন্য", **গভর্নর কুওমো বলেন।** "এই প্রস্তাবটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করে, আমরা সেই ইতিহাস সংশোধনের দিকে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিচ্ছি এবং কৃষ্ণাঙ্গ মানুষদের সব ধরনের বৈষম্য থেকে রক্ষা করা নিশ্চয়তা দিচ্ছি।"

বৈশিষ্ট্যগুলি ঐতিহাসিকভাবে জাতির সাথে সংশ্লিষ্ট, তার মধ্যে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, চুলের গঠনবিন্যাস এবং সংরক্ষণমূলক চুলের কায়দা, এই বিষয়টিকে জাতির সংজ্ঞার সাথে নতুন সাবসেক্সনে যোগ করতে, বিলটি নির্দিষ্টভাবে মানবাধিকার আইনের সেক্সন 292 কে এবং সমস্ত শিক্ষার্থীর জন্য মর্যাদা আইন এর সেক্সন 11 কে সংশোধন করে। বিলটির বিধানসমূহ অবিলম্বে কার্যকর হবে।

সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "চুলের কায়দা বা গঠনবিন্যাসের কারণে কারো সাথে বৈষম্যমূলক ব্যবহার করা ভুল, এবং এখন সেটি সেইসাথে আইন বিরুদ্ধও বটে। নিউ ইয়র্ককে মহান করে তোলা বৈচিত্র্যকে আমাদের সম্মান করা উচিত এবং সেটি সকল নিউ ইয়র্কবাসীর চুলের কায়দাকে সম্মান করাকেও অন্তর্ভুক্ত করে। এই প্রস্তাব, যেটি পাস করার জন্য সেনেট সংখ্যাগরিষ্ঠরা গর্বিত, সেই প্রস্তাবটি উত্থাপনের জন্য আমি সেনেটের জামাল বেইলিকে

সাধুবাদ জানাই, এবং সেটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার জন্য গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "স্কুলে বা কর্মস্থলে কারোর বৈষম্যের শিকার হওয়া উচিত নয়, কিন্তু প্রায়ই আমরা দেখি কৃষাঙ্গরা, বিশেষ করে নারীদের বলা হয় তাদের চুল অপেশাদার বা সর্বসমক্ষে পেশ করার মতো নয়। বাচ্চাদের তাদের শ্রেণীকক্ষের বাইরে রেখে এবং তাদের মধ্যকার সম্ভাবনাকে ধ্বংস করে দিয়ে - এই বৈষম্যমূলক নীতি কৃষাঙ্গদের দূরে সরিয়ে দেয়। নিউ ইয়র্ক স্টেটে সেই বৈষম্যের কোনো স্থান নেই। আইনসভার সংখ্যাগরিষ্ঠরা লড়াই চালিয়ে যাবে যাতে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর সাথে মর্যাদা ও সম্মানজনক ব্যবহার করা হয়।"

সিনেটর জামাল টি. বেইলি বলেছেন, "একজন তার চুলকে যেভাবে আচড়াতে চায় তার সেই অধিকার আইনগতভাবে সুরক্ষিত এবং সমর্থিত থাকা উচিত - এবং নিউ ইয়র্কে, এখন সেটাই হবে। এই বিলটিকে স্বাক্ষর করার জন্য আমি গভর্নর কুওমোকে ধন্যবাদ জানাই যে বিলটি স্বাভাবিক চুল ও চুলের কায়দাগুলির উপর ভিত্তি করে বর্ণ বৈষম্য দূর করতে নিউ ইয়র্ক স্টেটকে একজন পথ প্রদর্শক বানিয়েছে। আমি অ্যাসেমব্লী সদস্য ড্রিমেনি রাইট, অ্যাসেমব্লী স্পিকার কার্ল হিস্টি এবং সেনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রু স্টুয়ার্ট-কাজিন এবং তার কর্মীদের প্রধান এবং পরামর্শদাতা শনটেল স্মিথকেও তাদের নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই। লিডারশীপ যখন বৈচিত্র্যময় হয়, তখন সেটি কমিউনিটিগুলিকে বুঝতে পারে এবং সেটি কমিউনিটিগুলিতে প্রতিফলিত হয়। আমাদের মুকুটগুলি রক্ষা করার জন্য ধন্যবাদ"

অ্যাসেম্বলি সদস্য ড্রিমেনি এস. রাইট বলেন, "সাম্যকে অগ্রাধিকার দেওয়া একজন কৃষাঙ্গ নারি হিসাবে, এবং 17 বছর ধরে আমি আমার স্বাভাবিক আদব কায়দা মেনে চলছি, এই বিলটি আমার জন্য অত্যন্ত নিজস্ব। চুল সংক্রান্ত বৈষম্যের দীর্ঘকালীন এবং সমস্যাসংকুল চর্চা সম্পর্কে যখন বর্ণ এবং লিঙ্গ পরিচয়ের সাম্যের ক্ষেত্রে বীর যোদ্ধা অ্যাডোজা বি. আসামোয়ার সাথে আলোচনা করছিলাম, তখন স্থলসেনাবাহিনী চুলের কায়দার উপর নিষেধাজ্ঞা জারি করার প্রস্তাব আনে, যা পরোক্ষভাবে কৃষাঙ্গ নারীদের উপর প্রভাব ফেলবে, তার প্রতিবাদে কংগ্রেসওম্যান মার্সিয়া ফুজ কংগ্রেসনাল ব্ল্যাক ককাস (Congressional Black Caucus) এর সভাপতি হিসাবে তার সময়ে যে পদক্ষেপ নিয়েছিলেন আমি সেই কথা মনে করছিলাম। আমি মনস্থির করেছিলাম যে এর জন্য প্রয়োজন একটি আইন প্রণয়ন, এবং আমি নিউ ইয়র্ক ক্রাউন অ্যাক্ট (CROWN Act) প্রণয়নের সিদ্ধান্ত নিয়েছিলাম। সেটি করতে পেরে আমার গর্বের সীমা নেই, এবং নিউ ইয়র্কই হল প্রথম স্টেট যেখানে উভয় কক্ষেই এই ঐতিহাসিক বিলটি পাস হয়েছে। স্পিকার হিস্টি এবং সংখ্যাগরিষ্ঠ নেতা স্টুয়ার্ট কাজিনকে তাদের নেতৃত্বের জন্য বিশেষভাবে ধন্যবাদ।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)